দৈনিক জনকণ্ঠ

47

তারিখ ... AUG. 2 5. 1999 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ......

# চট্টগ্রাম ভার্সিটি খোলার লক্ষণ নেই ॥ ছাত্রছাত্রীরা ক্ষুব্ধ ॥ অভিভাবক মহল হতাশ

চবি সংবাদদাতা ॥ অনির্ধারিত বন্ধের প্রায় দুই সপ্তাহ অতিবাহিত হওয়ার পরও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খোলার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। এমনকি উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় কোন সমঝোতা প্রক্রিয়া পর্যন্ত এখনও শুরু হয়নি। বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে ফের ছাত্র আন্দোলনই এখন বড় বাধা বলে সংশ্লিষ্ট বিভিন্ন মহল জানায়। বিশ্ববিদ্যালয়ের বর্তমান অনিশ্চিত পরিস্থিতিতে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী সকলেই হতাশ। অনির্ধারিত বন্ধের পর শান্তিপূর্ণ পরিবেশ ফিরে এলেও বিশ্ববিদ্যালয় খোলার কোন উদ্যোগ না নেয়ায় ছাত্র-ছাত্রীরা ক্ষুব্ধ হয়ে উঠেছে। সন্তানদের ভবিষ্যত শিক্ষাজীবন নিয়ে অজানা শঙ্কায় ভুগছে অভিভাবক মহল। ছাত্র নেতৃবৃন্দের মতে, ১৩ আগস্টের ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ক্লাস এবং পরীক্ষাসমূহ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা কিংবা হল ত্যাগের মতো কোন পরিস্থিতির সৃষ্টি হয়নি। অতীতে বিভিন্ন সময় বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগঠনের মধ্যে বন্দুক যুদ্ধে শত শত রাউন্ড গুলিবর্ষণ এমনকি হত্যাকাণ্ডের পরও বিশ্ববিদ্যালয় বন্ধ কিংবা হল ত্যাগের কোন সিদ্ধান্ত হয়নি। ক্যাম্পাস বাস চালুর দাবিতে অব্যাহত ছাত্র আন্দোলনকে দমন করার জন্যই মূলত উক্ত সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে নেতৃবৃন্দ জানান।

অপরদিকে উপাচার্য অধ্যাপক আব্দুল মান্নানের সঙ্গে আলাপকালে তিনি জনকণ্ঠকে জানান, শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরে এলেই সিন্ডিকেটের জরুরী সভা ডেকে বিশ্ববিদ্যালয় খোলার ঘোষণা দেয়া হবে। তবে খোলার কোন সম্ভাব্য সময় তিনি নিশ্চিত করে বলতে পারেননি।